



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/20/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

COVID-19 বৈশ্বিক মহামারী চলাকালে, নাপিতের দোকান, নথ এবং চুলের স্যালুন এবং সম্পর্কিত ব্যক্তিগত পরিচর্যা সেবাসমূহের সাময়িক বন্ধের ঘোষণা দিয়েছেন গভর্নর কুওমো, গভর্নর মারফি, গভর্নর ল্যামন্ট এবং গভর্নর উলফ যা শনিবার রাত ৪টা থেকে কার্যকর করা হবে

যা সোমবারের নির্দেশনাকে অনুসরণ করে যেখানে বিনোদনমূলক এবং সামাজিক সমাবেশ 50 জন লোকের মধ্যে সীমাবদ্ধ করণ - চলচ্চিত্র প্রেক্ষাগৃহসমূহের, ব্যায়ামাগারের এবং ক্যাসিনোসমূহের সাথে সাথে রেস্তোরাঁ এবং বারসমূহের নির্ধারিত সেবাদান অস্থায়ীভাবে বন্ধ করা হয়েছিলো।

যা রিটেইল শপিং মল, বিনোদন পার্ক এবং বোলিং অ্যালির সমস্ত অভ্যন্তরীণ অংশের অস্থায়ী বন্ধকে অনুসরণ করে - যা কার্যকর হবে বৃহস্পতিবার রাত ৪টা থেকে

সামাজিক দূরত্বের জন্য অভিন্ন অভিগমনের একটি অংশ এটি যা চারটি স্টেট জুড়ে COVID-19-এর প্রসারের গতি কমাতে

নিউ ইয়র্কের গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো, নিউ জার্সির গভর্নর ফিল মারফি, কানেকটিকাটের গভর্নর নেড ল্যামন্ট এবং পেনসিলভেনিয়ার গভর্নর টম উলফ করোনাভাইরাস ডিজিজ 2019-এর (COVID-19) বিস্তার কমানোর জন্য নতুন ঘনত্ব হ্রাস বিধিনিষেধ ঘোষণা করেছেন - যা ভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ের জন্য তাদের অভিন্ন, বহু-স্টেট ভিত্তিক পদক্ষেপের অংশ।

সমস্ত নাপিতের দোকান, চুলের সেলুন, উকি বা ছিদ্রকারী পার্কার, নথের সেলুন, হেয়ার রিমুভাল সার্ভিসেস এবং এগুলোর সম্পর্কিত ব্যক্তিগত যত্নের পরিষেবাদি 21 মার্চ শনিবার, রাত ৪ টা থেকে জনসাধারণের জন্য বন্ধ থাকবে, কারণ সামাজিক দূরত্ব বজায় রেখে এই পরিষেবাগুলো সরবরাহ করা যায় না।

গতকাল চারজন গভর্নর রিটেইল শপিং মলের অভ্যন্তরীণ অংশের পাশাপাশি, চারটি স্টেটের বিনোদন পার্ক এবং বোলিং অ্যালি বৃহস্পতিবার রাত ৪টা থেকে বন্ধ করে দেওয়ার ঘোষণা দিয়েছিলেন। সপ্তাহের প্রথমদিকে, গভর্নরগণ সামাজিক এবং বিনোদনমূলক সমাবেশের জন্য ভিড়ের সীমাবদ্ধতার সীমা 50 জনে ঘোষণা করেছিলেন। গভর্নরগণ ঘোষণা দিয়েছিলেন যে রেস্তোরাঁ ও বারগুলোর নির্ধারিত পরিষেবা বন্ধ থাকবে এবং কেবল টেক-আউট (take-out) এবং ডেলিভারি সেবা

পরিচালনা করা হবে। এই গভর্নরগণ অস্থায়ীভাবে চলচ্চিত্র প্রেক্ষাগৃহ, ব্যায়ামাগার এবং ক্যাসিনো বন্ধ করেছেন।

"আমরা জানি কিভাবে নভেল করোনাভাইরাস ছড়িয়ে পড়ে এবং উদ্ভূত পরিস্থিতির ঘনত্ব হ্রাস করতে এবং ভাইরাসের বিস্তারকে ধীর করতে অব্যাহত প্রচেষ্টার জন্য আমরা উপাত্ত-চালিত সিদ্ধান্তগুলো গ্রহণ করছি, " **গভর্নর কুওমো বলেন।** "আমরা পুরো অঞ্চলের জন্য অভিন্ন নিয়ম এবং বিধিবিধান গঠন করেছি তা নিশ্চিত করতে আমরা আমাদের প্রতিবেশী স্টেটসমূহের সাথে অবিচ্ছিন্ন যোগাযোগ রাখছি। এই অস্থায়ী বন্ধগুলো সহজ হবে না, তবে নিউ ইয়র্কবাসী ও সমস্ত আমেরিকানদের স্বাস্থ্য এবং সুরক্ষা রক্ষা করার জন্য এগুলো প্রয়োজনীয়।"

গভর্নর মারফি বলেন, "সত্যটি এখনও অব্যাহত রয়েছে যে COVID-19-এর প্রসারকে কমিয়ে আনতে এবং আমাদের সম্প্রদায়ের সবচেয়ে ঝুঁকিপূর্ণ সদস্যদের সুরক্ষিত করার জন্য সামাজিক দূরত্ব আমাদের বিস্তৃত কৌশলের প্রধানতম বিষয়। যদিও আমরা এই অঞ্চলের ক্ষুদ্র ব্যবসা সমূহের জন্য এই বিধিনিষেধগুলোর সৃষ্ট চ্যালেঞ্জ বুঝতে পেরেছি, সম্ভাব্য দ্রুততম সময়ে আমাদের ব্যবসা মালিক এবং কর্মীদের জন্য আর্থিক ত্রাণ যেন সরবরাহ করা যায় তা নিশ্চিত করার জন্য আমরা সক্রিয়ভাবে ফেডারেল সরকারের সাথে কাজ করছি।"

গভর্নর ল্যামন্ট বলেন, "এই উদ্ভূত জনস্বাস্থ্য সম্পর্কিত জরুরি অবস্থা জুড়ে সহযোগীতামূলক ও দ্রুত কাজ চালিয়ে যাওয়ার মাধ্যমে, আমরা জনস্বাস্থ্যের উপর প্রভাব ফেলতে পারে এমন স্থাপনাগুলো—যেমন নাপিতের দোকান, নখ ও চুলের স্যালুন বন্ধ করার নির্দেশনা দেওয়ার জন্য খুব কঠিন সিদ্ধান্তটি নিয়েছি। একটি অঞ্চল হিসাবে এবং আমাদের সীমান্ত পেরিয়ে এই গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের মুখোমুখি হওয়ার মাধ্যমে আমাদের স্টেটের সমস্ত বাসিন্দাকে রক্ষা করা হবে।"

গভর্নর উলফ বলেন, "পেনসিলভেনিয়া আমাদের অঞ্চলে COVID-19-এর বিস্তারকে লড়াই করবে এমন প্রশমন কৌশলগুলো বাস্তবায়নে আমাদের প্রতিবেশী স্টেট সমূহের সাথে কাজ করে চলেছে। আমাদের প্রতিবেশী দেশগুলোর গৃহীত আগ্রাসী পন্থার জন্য সকল পেনসিলভেনিয়াবাসী তাদের প্রশংসা করি, যা এই জনস্বাস্থ্য সংকট মোকাবেলায় আমাদের সমস্ত বাসিন্দাকে সহায়তা করবে।"

পেনসিলভেনিয়ার ব্যবসা এবং ব্যক্তিদের উল্লেখ করা অবিরত করা উচিৎ উলফ প্রশাসনের বিদ্যমান [নির্দেশনাকে](#) বিশদভাবে বন্ধ করার তথ্য এবং অন্যান্য প্রস্তাবনার জন্য।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)